



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন : ৯৫৭৫৬২২ (DGM)
: ৯৫৭২২৫৫ (RTGS)
ই-মেইল : rtgs@krishibank.org.bd
dgmtreasury@krishibank.org.bd

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৭-১৮/১৩৮

তারিখ: ১৬.০৮.২০১৭

জরুরী

উপ-মহাব্যবস্থাপক,
সকল কর্পো: শাখা
এবং
সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আন্তঃব্যাংক লেনদেনের ক্ষেত্রে RTGS এর ব্যবহার ত্বরান্বিত করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

অত্র বিভাগ হতে ১১.০৬.২০১৭ তারিখে জারিকৃত পত্র নং: প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/৯৫৪ এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। আন্তঃব্যাংক লেনদেনের ক্ষেত্রে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেমের ব্যবহার ত্বরান্বিত করার লক্ষ্যে উল্লেখিত পত্রে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালনকল্পে বিভিন্ন বিষয়ে অত্র ব্যাংকের বিভিন্ন কার্যালয়/শাখাসমূহের করণীয় সম্পর্কে আলোকপাত করা হয়েছে। বিশেষ করে RTGS সেবা প্রদানে উল্লেখিত পত্রের ৩ (খ) অনুচ্ছেদে নির্দেশনা ছিল নিম্নরূপ:

RTGS " Origination সেবা প্রদানে সক্ষম শাখাসমূহের সম্মুখে সহজে দৃষ্টিগোচর হয় এমন কোন স্থানে ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম সম্পর্কে সচেতনামূলক ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ (কার্যকরণ: সকল শাখা ব্যবস্থাপক, ফলো আপ: মু:আ:ব্য:/ আ:ব্য:)"।

০৩। উল্লেখ্য, এতদ্বিষয়ে বিগত ১২.০৬.২০১৭ তারিখে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজিত RTGS ম্যানেজারদের সাথে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

RTGS লেনদেন সম্পর্কে গ্রাহকদের অবহিত করার লক্ষ্যে ৩০.০৯.২০১৭ তারিখের মধ্যে প্রতিটি ব্যাংক প্রয়োজনীয় তথ্য সংবলিত চিঠি/লিফলেট তৈরী করে গ্রাহকদের মাঝে বিতরণের ব্যবস্থা নিবে। উল্লেখিত সিদ্ধান্তের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের ১৪.০৬.২০১৭ তারিখের কার্যবিবরণীতেও প্রতিফলিত হয়েছে।

প্রকাশ থাকে যে, আগামী ৩১.১২.২০১৭ তারিখের মধ্যে সকল শাখাকে RTGS System এর আওতায় আনার জন্য বাংলাদেশ ব্যাংকের PSD সার্কুলার নং ০২/২০১৭ এ নির্দেশনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ যাতে যথা সময়ে পরিপালন নিশ্চিত করা যায় সেই লক্ষ্যে সকল কর্পো: শাখা প্রধানের দৃষ্টি আকর্ষণ করা হলো এবং বিভিন্ন অঞ্চলাধীন অন-লাইন শাখাসমূহ যাতে আন্তঃ ব্যাংক লেনদেনে RTGS ব্যবস্থা গ্রহণে আগ্রহী হয় সে বিষয়ে অঞ্চল প্রধানদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। মাঠ পর্যায়ে বর্ণিত বিষয়ের অগ্রগতি যাতে প্রধান কার্যালয় কর্তৃক তদারকী করা যায় সে লক্ষ্যে আগামী ১৪.০৯.২০১৭ তারিখ ভিত্তিক তথ্য ১৭.০৯.২০১৭ তারিখের মধ্যে এবং ২৮.০৯.২০১৭ তারিখ ভিত্তিক তথ্য ০২.১০.২০১৭ তারিখের মধ্যে সংযুক্ত ছকে ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকায় ই-মেইল (rtgs@krishibank.org.bd) এর মাধ্যমে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। সংশ্লিষ্ট সকলের কাজের সুবিধার্থে লিফলেট ও ব্যানার এর নমুনা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

অনুমোদনক্রমে-

(মো: আবদুস সোব্বান)
উপ-মহাব্যবস্থাপক

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৭-১৮/

তারিখ: ১৬.০৮.২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর / অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং / অপারেশন্স বিভাগ। একই সঙ্গে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, জনসংযোগ ও প্রটোকল বিভাগ।
- ৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৮। ব্যবস্থাপক, সকল অন-লাইন শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৯। নথি/মহানথি।

(মো: ছগীর আহম্মদ)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়

.....

বিষয়ঃ RTGS ব্যবহার ত্বরান্বিত করার লক্ষ্যে গৃহীত ব্যবস্থার বিবরণ।

অধ্বলাধীন অনলাইন শাখার সংখ্যা=.....

[illegible]

প্রস্তুতকারী

পরীক্ষাকারী কর্মকর্তা

মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক

এই শাখায় RTGS এর মাধ্যমে
অন্য যেকোন ব্যাংকের অনলাইন শাখায় মুহূর্তেই টাকা
পাঠানো ও গ্রহণের ব্যবস্থা আছে।



বাংলাদেশ কৃষি ব্যাংক
..... শাখা

REAL TIME GROSS SETTLEMENT (RTGS)

আপনি জানেন কি?

আধুনিক বিশ্বের ব্যাংকিং ব্যবস্থার সাথে তাল মিলিয়ে চলার জন্য এবং ব্যাংকিং সেবার মান বৃদ্ধি, যুগোপযোগী করা, ব্যবসার গতি বৃদ্ধি ও সম্প্রসারণ এবং সুষ্ঠু তহবিল ব্যবস্থাপনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি ২৯.১০.২০১৫ তারিখে চালু করেছে যা বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল অনলাইন শাখায় চলমান আছে। RTGS ব্যবস্থায় একজন গ্রাহক তার ব্যাংক হিসাব হতে অন্য যে কোন ব্যাংকের যে কোন হিসাবধারীর হিসাবে প্রায় তাৎক্ষণিকভাবে টাকা প্রেরণ করতে পারে। বাংলাদেশের সকল তফসিলি ব্যাংকে বাংলাদেশ ব্যাংকের নিবিড় তত্ত্বাবধানে এই পদ্ধতি চালু রয়েছে।

RTGS পদ্ধতি ব্যবহার করতে চাইলে আপনাকে যা করতে হবে:

- ▶ দুটি ব্যাংকের অন লাইন শাখার মধ্যে RTGS ব্যবস্থায় লেনদেন করা সম্ভব।
- ▶ অর্থ প্রেরক এবং প্রাপক উভয়কে সংশ্লিষ্ট ব্যাংকের গ্রাহক হতে হবে।
- ▶ প্রতিটি লেনদেনের পরিমাণ হবে ন্যূনতম ১০০,০০০/- (এক লক্ষ) টাকা।
- ▶ একটি নির্দিষ্ট ফরমে (RTGS INSTRUCTION FORM) গ্রাহককে আবেদন করতে হবে, কোন চেকের প্রয়োজন হয় না।
- ▶ প্রতিটি আউটওয়্যার্ড লেনদেনে সার্ভিস চার্জ ১০০/- টাকা + ১৫/-ভ্যাট। ইনওয়্যার্ড লেনদেনে কোন চার্জ নেই।
- ▶ লেনদেনের সময় : সকাল ১০টা হতে বিকাল ৪ টা পর্যন্ত।
- ▶ চলতি, সঞ্চয়ী, এসএনডি ও সিসি হিসাবে লেনদেন করা যায়।
- ▶ পূর্ণ হিসাব নম্বর ব্যবহার করতে হবে (যেমন BKB:4001-0310184629)

RTGS পদ্ধতি ব্যবহারের সুবিধাসমূহ :

- ▶ দ্রুততম সময়ে (অনধিক ৩০ মিনিট) গ্রাহকের হিসাবে টাকা পাঠানো সম্ভব।
- ▶ প্রাপক তার জরুরী আর্থিক প্রয়োজন সহজেই মেটাতে পারে।
- ▶ প্রাপকের একাউন্ট নম্বর/শাখা/নাম ভুল হলে স্ক্রেরিত টাকা স্বয়ংক্রিয় ভাবে ফেরত এসে প্রেরকের একাউন্টে জমা হয়।
- ▶ জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের ঝুঁকি নেই।
- ▶ নগদ টাকা বহনের ঝুঁকিমুক্ত।

RTGS পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে:

- ◆ বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকটস্থ শাখায় যোগাযোগ করুন।
- ◆ আরও অধিক কিছু জানতে চাইলে সরাসরি নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন:

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

টেলিফোন: ৯৫৭২২৫৫ ইমেইল: rtgs@krishibank.org.bd



বাংলাদেশ কৃষি ব্যাংক



বাংলাদেশ কৃষি ব্যাংক

REAL TIME GROSS SETTLEMENT (RTGS)

আপনি জানেন কি?

আধুনিক বিশ্বের ব্যাংকিং ব্যবস্থার সাথে তাল মিলিয়ে চলার জন্য এবং ব্যাংকিং সেবার মান বৃদ্ধি, যুগোপযোগী করা, ব্যবসার গতি বৃদ্ধি ও সম্প্রসারণ এবং সুষ্ঠু তহবিল ব্যবস্থাপনার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি ২৯.১০.২০১৫ তারিখে চালু করেছে যা বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল অনলাইন শাখায় চলমান আছে। RTGS ব্যবস্থায় একজন গ্রাহক তার ব্যাংক হিসাব হতে অন্য যে কোন ব্যাংকের যে কোন হিসাবধারীর হিসাবে প্রায় তাৎক্ষণিকভাবে টাকা প্রেরণ করতে পারে। বাংলাদেশের সকল তফসিলি ব্যাংকে বাংলাদেশ ব্যাংকের নিবিড় তত্ত্বাবধানে এই পদ্ধতি চালু রয়েছে।

RTGS পদ্ধতি ব্যবহার করতে চাইলে আপনাকে যা করতে হবে:

- ▶ দুটি ব্যাংকের অন লাইন শাখার মধ্যে RTGS ব্যবস্থায় লেনদেন করা সম্ভব।
- ▶ অর্থ প্রেরক এবং প্রাপক উভয়কে সংশ্লিষ্ট ব্যাংকের গ্রাহক হতে হবে।
- ▶ প্রতিটি লেনদেনের পরিমাণ হবে ন্যূনতম ১০০,০০০/- (এক লক্ষ) টাকা।
- ▶ একটি নির্দিষ্ট ফরমে (RTGS INSTRUCTION FORM) গ্রাহককে আবেদন করতে হবে, কোন চেকের প্রয়োজন হয় না।
- ▶ প্রতিটি আউটওয়্যার্ড লেনদেনে সার্ভিস চার্জ ১০০/- টাকা + ১৫/-ভ্যাট। ইনওয়্যার্ড লেনদেনে কোন চার্জ নেই।
- ▶ লেনদেনের সময় : সকাল ১০টা হতে বিকাল ৪ টা পর্যন্ত।
- ▶ চলতি, সঞ্চয়ী, এসএনডি ও সিসি হিসাবে লেনদেন করা যায়।
- ▶ পূর্ণ হিসাব নম্বর ব্যবহার করতে হবে (যেমন BKB:4001-0310184629)

RTGS পদ্ধতি ব্যবহারের সুবিধাসমূহ :

- ▶ দ্রুততম সময়ে (অনধিক ৩০ মিনিট) গ্রাহকের হিসাবে টাকা পাঠানো সম্ভব।
- ▶ প্রাপক তার জরুরী আর্থিক প্রয়োজন সহজেই মেটাতে পারে।
- ▶ প্রাপকের একাউন্ট নম্বর/শাখা/নাম ভুল হলে স্ক্রেরিত টাকা স্বয়ংক্রিয় ভাবে ফেরত এসে প্রেরকের একাউন্টে জমা হয়।
- ▶ জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের ঝুঁকি নেই।
- ▶ নগদ টাকা বহনের ঝুঁকিমুক্ত।

RTGS পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে:

- ◆ বাংলাদেশ কৃষি ব্যাংকের নিকটস্থ শাখায় যোগাযোগ করুন।
- ◆ আরও অধিক কিছু জানতে চাইলে সরাসরি নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন:

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

টেলিফোন: ৯৫৭২২৫৫ ইমেইল: rtgs@krishibank.org.bd